



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০৩.২০২০- ২৬৩


তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।
০৭ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলাধীন বুড়িশ্বর ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের সদস্য জনাব মো: জিয়াউর রহমান এর বিরুদ্ধে বেআইনীভাবে সরকারি ভূমিতে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার ভিত্তিক ভূমি ও গৃহহীনদের জন্য ঘর নির্মাণ প্রকল্পের আওতাধীন নির্ধারিত স্থানে অবৈধভাবে ঘর নির্মাণ করে দখল এবং সরকারি কাজে বাধা প্রদানের অভিযোগে ১৪৩ /৪৪৭ /১৮৬ /৩৫৩ /৩২৩/ ৩০৭/ ৩৭৯/১১৪/৫০৬ ধারায় নাসিরনগর থানায় দায়েরকৃত মামলা নং-০১, তারিখ: ০১/১২/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলাধীন বুড়িশ্বর ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের সদস্য জনাব মো: জিয়াউর রহমান এর বিরুদ্ধে বেআইনীভাবে সরকারি ভূমিতে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার ভিত্তিক ভূমি ও গৃহহীনদের জন্য ঘর নির্মাণ প্রকল্পের আওতাধীন নির্ধারিত স্থানে অবৈধভাবে ঘর নির্মাণ করে দখল এবং সরকারি কাজে বাধা প্রদানের অভিযোগে ১৪৩ /৪৪৭ /১৮৬ /৩৫৩ /৩২৩/ ৩০৭/ ৩৭৯/১১৪/৫০৬ ধারায় নাসিরনগর থানায় দায়েরকৃত মামলা নং-০১, তারিখ: ০১/১২/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলাধীন বুড়িশ্বর ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের সদস্য জনাব মো: জিয়াউর রহমান সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।
০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৫৮০০.০১৭.২৭.০০১.১৭-২৫৮


তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।
০৭ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: জিয়াউর রহমান, ইউপি সদস্য, ০৯নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), বুড়িশ্বর ইউনিয়ন পরিষদ, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব